

মুজিববর্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত চরাঞ্চলের জন্য সংশোধিত বিশেষ ডিজাইন অনুযায়ী  
এককগৃহ নির্মাণ কাজ বাস্তবায়নের অনুসরণীয় বিষয়াবলী:

সাধারণ বিষয়ঃ


- ১। সাইট সিলেকশনের ক্ষেত্রে সর্বোচ্চ বন্যার লেভেল বিবেচনায় আনতে হবে।
- ২। গৃহ নির্মাণের জন্য জায়গা নির্বাচন করার ক্ষেত্রে নদী ভাঙ্গন প্রবণ এলাকা পরিহার করতে হবে। জনমানব স্তন্য চর/দ্বীপে স্থান নির্বাচন যথাসম্ভব পরিহার করতে হবে।
- ৩। গ্রোথ সেন্টার বা বাজারের সাথে যোগাযোগের বিষয়টি গৃহ নির্মাণের স্থান নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
- ৪। একটি একক গৃহ হতে আরেকটি একক গৃহের মাঝখানে ৮-১০ ফুট ফাঁকা রাখতে হবে।
- ৫। ৩ ফুটের অধিক মাটি ভরাট প্রয়োজন এমন জায়গা নির্বাচন করা থেকে বিরত থাকতে হবে।
- ৬। প্রোটেকশন বা প্যালাসাইডিং নির্মাণ প্রয়োজন এমন জায়গা নির্বাচন করা থেকে বিরত থাকতে হবে।
- ৭। দক্ষ মিস্ত্রী দ্বারা নির্মাণ কাজ বাস্তবায়ন করতে হবে যাতে কাজের Workmanship ভাল হয়।
- ৮। নির্মাণসামগ্রী যেমন সিমেন্ট, রড, ইট, টিন, বালু ইত্যাদির আদর্শিক মান নিশ্চিত করতে হতে হবে।
- ৯। নির্মাণ সামগ্রী প্রকল্প এলাকার গুরু স্থানে মজুত করতে হবে।
- ১০। প্রি-কাস্ট পোস্ট ঢালাই ও স্থাপনসহ অন্যান্য নির্মাণ কাজ প্রকৌশলী কর্তৃক নিয়মিত তদারকি করতে হবে।
- ১১। পিআইসি কমিটির তত্ত্বাবধানে গৃহ নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।


কারিগরি বিষয় (নির্মাণ পদ্ধতি)ঃ


- ১। প্রস্তাবিত একক ঘরের সংখ্যার ভিত্তিতে আরসিসি প্রিকাস্ট পোস্ট (কলাম) তৈরীর জন্য ইটের খোয়া (১৬ মি.মি ডাউন সাইজ), বালু, সিমেন্ট, ১২ মি.মি ডায়ামিটার মেইন রড, ৬ মি.মি ডায়ামিটার টাই রড ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ২। প্রতিটি একক গৃহের মূল ঘরের জন্য ১২ ফুট দৈর্ঘ্যের ১২টি, বারান্দার জন্য ৯ ফুট ১০.৫ ইঞ্চি দৈর্ঘ্যের ৪টি এবং রান্নাঘর ও টয়লেটের বাইরের পার্শ্বের টিনের বেড়ার জন্য ৯ ফুট ১০.৫ ইঞ্চি দৈর্ঘ্যের ৩টি এবং টয়লেটের সামনে ২টি কলাম ১১ ফুট ১.৫ ইঞ্চি দৈর্ঘ্যের ৬ ইঞ্চি × ৬ ইঞ্চি সাইজের প্রিকাস্ট পোস্ট (কলাম) তৈরী করতে হবে।
- ৩। পোস্ট (কলাম) ঢালাইয়ের ক্ষেত্রে ১ ইঞ্চি ক্লিয়ার কভার নিশ্চিত করে ১:১.৫:৩ অনুপাতে ঢালাই করতে হবে।
- ৪। কলামে ১২ মি.মি সাইজের ৪টি মেইন রড এবং ৬ মি.মি সাইজের রিং ৬ ইঞ্চি পর পর ব্যবহার করতে হবে।
- ৫। আরসিসি পোস্ট (কলাম) ঢালাইয়ের পূর্বে করণীয়

(ক) বারান্দার পোস্টের ক্ষেত্রে

- পোস্টের নিচ হতে ১ ফুট ৬ ইঞ্চি উপর হতে পর্যায়ক্রমে ৬ মিমি ডায়ামিটারের ৩টি রড ডিজাইন অনুযায়ী সেটিং করতে হবে।
- পোস্টের টপে কাঠের ওয়াল প্লেঠ সেটিং করার জন্য ডিজাইন অনুযায়ী ১২ মিমি রড (এংকর রড) যুক্ত করতে হবে।

  
মোঃ জাকিউর রহমান  
উপ-প্রকল্প পরিচালক (উপসচিব)  
আশ্রয়ণ-২ প্রকল্প  
প্রধানমন্ত্রীর কার্যালয়

  
আবু হালেই মোহাম্মদ কোরসৌদ খান  
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)  
আশ্রয়ণ-২ প্রকল্প  
প্রধানমন্ত্রীর কার্যালয়

  
মোঃ জাকিউর রহমান  
উপ-প্রকল্প পরিচালক (উপসচিব)  
আশ্রয়ণ-২ প্রকল্প  
প্রধানমন্ত্রীর কার্যালয়

  
2022/06/22

মোঃ জাকিউর রহমান  
উপ-প্রকল্প পরিচালক (উপসচিব)  
আশ্রয়ণ-২ প্রকল্প  
প্রধানমন্ত্রীর কার্যালয়

(খ) রুম ও রান্নাঘরের কর্ণার পোস্টের ক্ষেত্রে-

- পোস্টের নিচ হতে ১ ফুট ৬ ইঞ্চি উপর হতে পর্যায়ক্রমে ৬ মিমি ডায়ামিটারের ৩টি করে (দুটি Direction এ) মোট ৬টি রড সেটিং করতে হবে।
- টিনের বেড়া সেটিং করার জন্য ডিজাইন অনুযায়ী ৪টি স্থানে প্রতিটিতে দুটি করে দুই Direction (পরস্পর ৯০ ডিগ্রী কোণে) ১ ইঞ্চি ছিদ্র রাখতে হবে।
- বারান্দার টিনের ছাউনী ও রান্নাঘরের টিনের ছাউনী পোস্টের সাথে সেটিং করতে পোস্ট ডিজাইন অনুযায়ী ১টি ৩/৪ ইঞ্চি ছিদ্র রাখতে হবে।
- পোস্টের টপে কাঠের ওয়ালপ্লেট সেটিং করার জন্য ডিজাইন অনুযায়ী ১২ মিমি রড (এংকর রড) যুক্ত করতে হবে।

(গ) রুম ও রান্নাঘরের পোস্টের ক্ষেত্রে (কর্ণার ব্যতীত)

- পোস্টের নিচ হতে ১ ফুট ৬ ইঞ্চি উপর হতে পর্যায়ক্রমে ৬ মিমি ডায়ামিটারের ৩টি রড ডিজাইন অনুযায়ী সেটিং করতে হবে।
- টিনের বেড়া পোস্টের সাথে যুক্ত করতে ডিজাইন অনুযায়ী ৪টি ৩/৪ ইঞ্চি ছিদ্র রাখতে হবে।
- পোস্টের টপে কাঠের ওয়াল প্লেট সেটিং করার জন্য ডিজাইন অনুযায়ী ১২ মিমি রড (এংকর রড) যুক্ত করতে হবে।

৬। ন্যূনতম ১৪ দিন যথাযথ কিউরিংপূর্বক পোস্টগুলো গৃহ নির্মাণ কাজে ব্যবহার করতে হবে।

৭। ঘরের লে-আউট প্রদান সম্পন্ন হলে ১০ ইঞ্চি × ১০ ইঞ্চি সোলিং এর উপরে পোস্টগুলো নির্ধারিত স্থানে জিএল হতে ২ ফুট গভীরে খাড়া ও শক্তভাবে স্থাপন করতে হবে।

৮। মূল ঘরের প্লিন্থ পর্যন্ত ব্রিক ওয়াল নির্মাণের জন্য ১৫ ইঞ্চি চওড়া এবং ১ ফুট গভীর মাটি কাটতে হবে।

৯। ফাউন্ডেশনের মাটি কাটার পর ভালোভাবে Compaction করে ১০ ইঞ্চি চওড়া ৩ ইঞ্চি পুরুত্বের ১:২:৪ সিসি ঢালাই করতে হবে।

১০। ইট ব্যবহারের পূর্বে ২৪ ঘন্টা পানিতে ভিজিয়ে রেখে এবং ২ ঘন্টা পূর্বে পানি থেকে তুলতে হবে।


১১। মূল ঘরের বাহিরের ওয়াল মাটির নীচে ১০ ইঞ্চি চওড়া ৯ ইঞ্চি উচ্চতার ইটের গাঁথুনি করতে হবে। মাটির উপরে (জিএল হতে পিএল) পর্যন্ত ১ ফুট ৩ ইঞ্চি উচ্চতার ১০ ইঞ্চি চওড়া ইটের গাঁথুনি করতে হবে।

১২। বারান্দা, টয়লেট ও রান্নাঘরের বাহিরের ওয়ালের জিএল হতে মাটির নিচে ১০ ইঞ্চি চওড়া এবং ৯ ইঞ্চি উচ্চতার ইটের গাঁথুনি হবে। মাটির উপরে (জিএল হতে পিএল) পর্যন্ত ১ ফুট উচ্চতার ইটের গাঁথুনি করতে হবে। টয়লেটের দরজার একপাশে ১০ ইঞ্চি × ১০ ইঞ্চি ইটের কলাম তৈরী করতে হবে।


১৩। পোস্টের ৬ মি. মি ডায়ামিটারের এ্যাংকোরেজ ৩টি রড গাঁথুনির মধ্যে ভালোভাবে প্রবেশ করাতে হবে।


১৪। টয়লেটের চারপার্শ্বের দেওয়ালে পিএল এর উপর ২ ফুট ৬ ইঞ্চি উচ্চতার ৫ ইঞ্চি ইটের গাঁথুনি হবে এবং প্লাস্টার করতে হবে।

১৫। ১০ ইঞ্চি ইটের গাঁথুনি ১:৬ অনুপাত এবং ৫ ইঞ্চি গাঁথুনিতে ১:৪ অনুপাতে সিমেন্ট বালু ব্যবহার করতে হবে।

  
মোঃ ফারুক  
প্রকল্প প্রকৌশলী  
আশ্রয়ণ-২ প্রকল্প  
প্রশাসনিক কার্যালয়

৩০/৩

  
মোঃ ফারুক  
উপ-প্রকল্প পরিচালক (উপসচিব)  
আশ্রয়ণ-২ প্রকল্প  
প্রশাসনিক কার্যালয়

  
আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান  
প্রকল্প পরিচালক (মুখ্যসচিব)  
আশ্রয়ণ-২ প্রকল্প  
প্রশাসনিক কার্যালয়

১৬। মূল ঘরের প্লিস্ট্রে (জিএল হতে পিএল) উচ্চতা ১ ফুট ৬ ইঞ্চি এবং বারান্দা ও টয়লেটের প্লিস্ট্রের উচ্চতা (জিএল হতে পিএল) উচ্চতা ১ ফুট ৪.৫ ইঞ্চি। অর্থাৎ মূল ঘরের পিএল এবং বারান্দা/রান্নাঘরের পিএল এর পার্থক্য ১.৫ ইঞ্চি।

১৭। গাঁথুণীর কাজ ন্যূনতম ৭ দিন যথাযথভাবে কিউরিং করতে হবে।

১৮। মূল ঘরে ১ ফুট এবং বারান্দা, টয়লেট, রান্নাঘরে ১০.৫ ইঞ্চি পুরুত্বের বালু ভরাট করতে হবে। যথাযথভাবে ফ্লোরে পানি ও দূরমুজ দিয়ে বালু কমপেকশন করতে হবে এবং ডিসিপি টেস্ট করে কমপেকশন নিশ্চিত হতে হবে।

১৯। ফ্লোরে বালু কমপেকশন নিশ্চিত হলে ফ্লোরে মোটা পলিথিন দিতে হবে। অতঃপর পলিথিন এর উপর এক লেয়ার ইটের সোলিং করে এবং ১:২:৪ অনুপাতে ৩ ইঞ্চি সিসি ঢালাই করতে হবে এবং নেট সিমেন্ট ফিনিসিং করতে হবে। গৃহের চারপাশে জিএল থেকে পিএল পর্যন্ত ১২ মি. মি প্লাস্টারসহ নেট সিমেন্ট ফিনিসিং করতে হবে। গৃহের চারপাশে বেড়ার ভিতরের দিকে ৫ ইঞ্চি এক লেয়ার ইটের গাঁথুণী প্লাস্টারসহ নেট সিমেন্ট ফিনিসিং করতে হবে।

২০। টিনের বেড়ার জন্য ২ ইঞ্চি × ১ ইঞ্চি কাঠের ফ্রেম তৈরী করতে হবে। টিনের বেড়ার কাজে ০.৩৬ মি.মি পুরুত্বে গ্যালভানাইজড (রঙিন টিন ব্যতীত) টিন ব্যবহার করতে হবে।

২১। রুম, বারান্দা, রান্নাঘর এবং টয়লেটের ৩ ইঞ্চি × ৩ ইঞ্চি কাঠের ওয়াল প্লেট কলামের উপরে যুক্ত করতে হবে।

২২। টিনের ছাউনীতে (চালায়) ব্যবহৃত কাঠ পরিপক্ব হতে হবে। ছাউনী কাজে ২ ইঞ্চি × ২ ইঞ্চি কাঠের রাফটার এবং ২ ইঞ্চি × ১ ইঞ্চি সাইজের কাঠের পারলিন ব্যবহার করতে হবে। ছাউনীতে (চালায়) ০.৩৬ মি. মি রঙিন টিন (মেরুন, নীল, সবুজ) ব্যবহার করতে হবে। টিনের রিজ (মটকা) ০.৪৬ মি.মি ব্যবহার করতে হবে। টিন কাঠের সাথে স্ক্রু দিয়ে ওয়াশারসহ লাগাতে হবে। কাঠে তারপিন তেল (আলকাতরা) দিয়ে প্রলেপ দিতে হবে।

২৩। দরজায় ১৮ BWG পুরুত্বের স্টীল সিট, ৩৮ মি.মি × ৩৮ × ৫ মি.মি এ্যাংগেল এবং স্টিফনার (ব্রেসিং) ২৫ মি.মি × ৬ মি. মি ব্যবহার করতে হবে। পোস্টের সাথে দরজার বাহিরের এঙ্গেল ড্রয়িং এ প্রদর্শিত ক্লাস্প দিয়ে যুক্ত করতে হবে।

২৪। জানালার ফ্রেমে উলম্বভাবে ২টি এবং আনুভূমিকভাবে ৩টি (উপরে, মাঝে ও নিচে) ২.৫ ইঞ্চি × ২.০০ ইঞ্চি কাঠ ব্যবহার করতে হবে। জানালার প্রতিটি সাটার ২ ইঞ্চি × ১ ইঞ্চি ২টি উলম্ব এবং ৩টি (উপরে, মাঝে ও নিচে) আনুভূমিকভাবে কাঠ যুক্ত করতে হবে। জানালার ফ্রেমের সাথে উলম্বভাবে ৫টি ১০ মি.মি রড লাগাতে হবে যা জানালার গ্রিল হিসেবে ব্যবহৃত হবে। জানালার সাটারে ২০ BWG স্টীল সীট ব্যবহার করতে হবে।

২৫। সকল স্টীল কাজে সেটিং এর পূর্বে রেড অক্সাইড প্রলেপ আবশ্যিকভাবে দিতে হবে।

২৬। ২ পিট বিশিষ্ট ল্যাটিন ডিজাইন অনুযায়ী নির্মাণ করতে হবে। প্রতিটি পিটে ৫টি করে ১ ফুট উচ্চতার ৭৫০ মি. মি ব্যাসের ৪০ মি. মি পুরুত্বের রিং ব্যবহার করতে হবে। রিংগুলো স্থাপনের সময় সিমেন্ট বালুর মশলা দিয়ে একটির সাথে অপরটি যুক্ত করতে হবে। দুটি পিটের উপরে আরসিসি স্লাবের ঢাকনা ব্যবহার করতে হবে। রিং এর টপ জিএল হতে ৬ ইঞ্চি উপরে থাকতে হবে। টয়লেটে পাদানীযুক্ত সিরামিকের প্যান ব্যবহার করতে হবে। ৪ ইঞ্চি ডায়ামিটার এর পিভিসি পাইপ Y (ওয়াই) ডিজাইন অনুযায়ী যুক্ত করতে হবে। ৪ ইঞ্চি ডায়ামিটারের পিভিসি পাইপের ফ্লোপ যথাযথভাবে থাকতে হবে। গ্যাস ভেন্টিলেশনের জন্য ৬.০০ ফুট দীর্ঘ ১ ইঞ্চি ডায়ামিটারের পিভিসি পাইপ যুক্ত করতে হবে।

E:DPE:New Pc-Talking Point 9.2.22

ডাঃ জাকির রহমান  
প্রকল্প প্রকৌশলী  
আব্দুল হক  
প্রধানমন্ত্রীর কার্যালয়

ডাঃ মোহাম্মদ মাহমুদ হক  
উপ-প্রকল্প পরিচালক (উপসচিব)  
আব্দুল হক  
প্রধানমন্ত্রীর কার্যালয়

ডাঃ হাশেম মোহাম্মদ ফেরদৌস খান  
প্রকল্প পরিচালক (মুখ্যসচিব)  
আব্দুল হক  
প্রধানমন্ত্রীর কার্যালয়